

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা

সমন্বয় শাখা (অডিট বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৩৩.০১.২০৭.২০.৯২

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

বিষয়: প্রকল্প পরিচালক, সজিবীজ বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে হাইব্রিড সজি বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা দপ্তরের ২০১৮-২০ অর্থ বছরের অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে, অভ্যন্তরীণ নিরীক্ষা দল নং-০১ কর্তৃক আপনার নিয়ন্ত্রণাধীন প্রকল্প পরিচালক, সজিবীজ বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে হাইব্রিড সজি বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা দপ্তরের ২০১৮-২০ অর্থ বছরের অভ্যন্তরীণ নিরীক্ষা ১৮/১০/২০২০ হতে ২১/১০/২০২০ তারিখ পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়েছে। এ সংক্রান্ত প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রতিবেদনের ১ম অংশে নিরীক্ষার সারসংক্ষেপ এবং আপনার দপ্তর সংক্রান্ত বিভিন্ন তথ্য ও তৎপ্রেক্ষিতে নিরীক্ষার মূল্যায়ন এবং সুপারিশ বিবৃত হয়েছে। আর ২য় অংশে নিরীক্ষাকালীন সময়ে স্থানীয়ভাবে যে সকল কোয়ারী/আপত্তি/অনিয়ম মীমাংসা করা সম্ভব হয়নি তা অনুচ্ছেদভুক্ত করা হয়েছে। এক্ষেত্রে প্রতিবেদনটিতে ছয়টি অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্রতিবেদন প্রাপ্তির ০২(দুই) মাসের মধ্যে নিরীক্ষার সুপারিশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে নিম্নোক্ত ছকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুচ্ছেদওয়ারী ব্রডশীট জবাব অবশ্যই প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, স্মারক নং-১৯৯ তারিখ ১৭-০৬-২০১৯ অনুযায়ী ০২ (দুই) মাসের মধ্যে নতুন উত্থাপিত আপত্তিসমূহের জবাব প্রদানের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন এবং সদস্য পরিচালক (অর্থ) এর স্বাক্ষরে নির্দেশনা রয়েছে।

অফিস/দপ্তরের নাম:

নিরীক্ষা বছর ও অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম ও সংক্ষিপ্ত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	বিভাগীয় প্রধান / উর্দ্ধতন কর্তৃপক্ষের মন্তব্য
১	২	৩	৪

১২-১-২০২১

মোঃ নাজমুল হক

উপ-নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ :

- ১) প্রকল্প পরিচালক, সজিবীজ বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ২) যুগ্মপরিচালক, সজিবীজ বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৩৩.০১.২০৭.২০.৯২/১(৪)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক(বীজ)-এর দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ২) প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৩) সহকারী নিয়ন্ত্রক, সমন্বয় শাখা (অডিট বিভাগ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৪) অফিস কপি

১২-১-২০২১

আমান উল্লাহ

হিসাব নিরীক্ষণ কর্মকর্তা